

রেজিস্ট্রেশন ফর্ম

৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা (সিআইটিএফ)- ২০২৬

দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম, বাংলাদেশ

পিএবিএক্স: +৮৮ ০২-৩৩৩৩১৩৩৬৬-৬৯, ই-মেইল: info@chittagongchamber.com, ওয়েবসাইট: www.chittagongchamber.com

সিআইটিএফ যোগাযোগ ই-মেইল: citf@chittagongchamber.com



কোম্পানী/সংস্থা/প্রতিষ্ঠানের নাম:

(ট্রেড লাইসেন্স অনুযায়ী)

প্রধান কর্মকর্তা/ স্বত্বাধিকারীর নাম:

ঠিকানা:

টেলিফোন:

মোবাইল:

ই-মেইল:

প্রতিনিধির নাম (স্টল/প্যাভিলিয়ন):

পদবী:

টেলিফোন:

মোবাইল:

ই-মেইল:

ব্যবসার ধরন:

প্রদর্শনীয় পণ্যের নাম:

স্টল/প্যাভিলিয়নের সাইজ ও ভাড়ার বিবরণ:

ক্যাটাগরি	সাইজ	টারিফ (টাকা)	স্টল/প্যাভিলিয়নের সংখ্যা	বিডিং মূল্য
প্রিমিয়ার প্যাভিলিয়ন	৫০'X৫০' (খোলা জায়গা)	সর্বনিম্ন বিডিং মূল্য ৬,০০,০০০		
প্রিমিয়ার স্টল	১৪'X২০' (নির্মিত কাঠামো)	সর্বনিম্ন বিডিং মূল্য ৩,০০,০০০		
গোল্ড স্টল	১৪'X২০' (নির্মিত কাঠামো)	সর্বনিম্ন বিডিং মূল্য ২,৫০,০০০		
মেগা স্টল	১৪'X২০' (নির্মিত কাঠামো)	সর্বনিম্ন বিডিং মূল্য ২,০০,০০০		
ফুড স্টল	১৪'X২০' (নির্মিত কাঠামো)	সর্বনিম্ন বিডিং মূল্য ২,০০,০০০		
রেজিস্ট্রেশন ফি	স্টলের জন্য	প্রতি স্টল/ফুড স্টল ৬,০০০		
(বাধ্যতামূলক এবং অফেরতযোগ্য)	প্যাভিলিয়নের জন্য	প্রতি প্যাভিলিয়ন ৮,০০০		

পেমেন্ট পদ্ধতি:

- এফটিটি (শুধুমাত্র বিদেশী অংশগ্রহণকারীদের জন্য)
- পে-অর্ডার (চেম্বার অফিসে এসে জমা করতে হবে)
- আরটিজিএস (চেম্বারে প্রেরিতব্য অন্যান্য সকল দলিলাদির সাথে অবশ্যই ব্যাংক কর্তৃক প্রদত্ত আরটিজিএস এর প্রমাণ্য কপিও সংযুক্ত করতে হবে)

আমি ৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০২৬ এ অংশগ্রহণ করতে ইচ্ছুক। নিম্নে প্রদত্ত ক্রমিক নাম্বার থেকে আমার জন্য প্যাভিলিয়ন/স্টল বরাদ্দের অনুরোধ রইল:

প্রথম পছন্দ								
দ্বিতীয় পছন্দ								
তৃতীয় পছন্দ								
চতুর্থ পছন্দ								

মোট মূল্য (প্যাভিলিয়ন/স্টল ভাড়া + নিরাপত্তা জামানত + রেজিস্ট্রেশন ফি)

টাকা (অংকে) :

কথায়:

স্টল/প্যাভিলিয়নের ভাড়া, নিরাপত্তা জামানত এবং রেজিস্ট্রেশন ফি এই সমুদয় অর্থ দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির অনুকূলে পে-অর্ডার/এফটিটি/আরটিজিএস এর মাধ্যমে সম্পূর্ণ (১০০%) পরিশোধ করতে হবে।

পে-অর্ডার/এফটিটি/আরটিজিএস অর্থের পরিমান :

টাকা কথায়:

পে-অর্ডার/এফটিটি নং:

তারিখ:

আরটিজিএস ব্যাংক একাউন্টধারীর নাম:

আরটিজিএস ব্যাংক একাউন্ট নং:


ব্যাংক:

ব্যাংক শাখা:

আবেদনকারীর স্বাক্ষর:

তারিখ:

দৃষ্টব্য: অনুগ্রহপূর্বক এই ফর্মের পরবর্তী পৃষ্ঠাগুলোতে উল্লেখিত শর্তাবলী পড়ুন এবং তদনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি এবং নথিপত্র সংযোজনকরতঃ স্বাক্ষর ও প্রেরণ করুন।



শর্তাবলী



৩২তম চট্টগ্রাম আন্তর্জাতিক বানিজ্য মেলা (সিআইটিএফ)- ২০২৬

সিআইটিএফ যোগাযোগ ই-মেইল: citf@chittagongchamber.com

১।

ক) আগ্রহী কোম্পানী সিসিসিআই এর ওয়েবসাইট থেকে বাংলা অথবা ইংরেজী ভার্সনের রেজিস্ট্রেশন ফর্ম ডাউনলোড করতে পারবেন অথবা স্বশরীরে এসে চেম্বার থেকে ফরম সংগ্রহ করতে পারবেন।

খ) মেলায় অংশগ্রহণইচ্ছুক কোম্পানী/ সংস্থা/প্রতিষ্ঠানকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN সার্টিফিকেট এবং ব্যাংক পেমেন্ট এর প্রমাণ্য দলিলাদি (পে অর্ডার/এফটিটি/আরটিজিএস) এর কপি পূরণকৃত রেজিস্ট্রেশন ফর্ম এর সাথে স্বশরীরে এসে অথবা অনলাইনে চেম্বার অফিসে জমা করবেন।

গ) আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে প্রথম পৃষ্ঠায় স্টল/প্যাভিলিয়নের সংখ্যা এবং প্রস্তাবিত বিডিং মূল্য ও রেজিস্ট্রেশন ফি (অফেরতযোগ্য) উল্লেখ করতে হবে। পরবর্তীতে উক্ত প্রস্তাবিত বিডিং মূল্য ও রেজিস্ট্রেশন ফি সহ নিম্নোক্ত হারে ফেরতযোগ্য জামানত বাদ সমুদয় টাকা একসাথে পে-অর্ডার/এফটিটি/আরটিজিএস এর মাধ্যমে চেম্বারের ব্যাংক একাউন্ট নাম্বার ০০৫৩৬০০১১১৬ (ব্যাংক এশিয়া, আখাবাদ ব্রাঞ্চ), ০০১৬১৫০০০০০০০৯০২ (ঢাকা ব্যাংক, আখাবাদ ব্রাঞ্চ) ও ২১২০৩১৫০০৪১৩৪ (গ্রাইম ব্যাংক, আখাবাদ ব্রাঞ্চ) **The Chittagong Chamber of Commerce & Industry** এ জমা করতে হবে।

উল্লেখ্য যে, উক্ত ৪টি দলিলাদি (১/খ- তে বর্ণিত) একত্রে সংযুক্তপূর্বক চেম্বারে স্বশরীরে এসে বা অনলাইনে (citf@chittagongchamber.com) প্রেরণ না করলে স্টল/প্যাভিলিয়ন বুকিং এর আবেদন গৃহীত হবেনা।

আরো উল্লেখ্য যে, যতক্ষণ পর্যন্ত প্রদেয় সমুদয় অর্থ চেম্বারের ব্যাংক একাউন্টে জমা হবেনা এবং ব্যাংকের সাথে রিকনসিয়েলিশনের মাধ্যমে নিশ্চিত হওয়া যাবেনা ততক্ষণ পর্যন্ত স্টল/প্যাভিলিয়নের বুকিং এর আবেদন অগ্রাহ্য করা হবে।

প্যাভিলিয়ন/স্টল	নিরাপত্তা জামানত (টাকা)
প্রিমিয়ার প্যাভিলিয়ন	১,০০,০০০/-
প্রিমিয়ার স্টল	২০,০০০/-
গোল্ড স্টল	২০,০০০/-
মেগা স্টল	২০,০০০/-
ফুড স্টল	২০,০০০/-

ঘ) অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ মেলা শেষে ২ দিনের মধ্যে স্ব-স্ব স্থাপনাসমূহ যথাযথভাবে সরিয়ে নিতে ব্যর্থ হলে বা মেলা শেষে ইট, গাথুনি, বালি সম্পূর্ণরূপে পরিষ্কার করতে ব্যর্থ হলে কিংবা নির্ধারিত বিদ্যুৎ বিল বা চেম্বারের কোন পাওনা পরিশোধে ব্যর্থ হলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করা হবে।

২। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না এবং আবেদনপত্রের সাথে ভূয়া কাগজপত্র জমা দিলে নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত এবং বিদ্যমান আইন/নিয়ম অনুযায়ী অন্যান্য জরিমানাসহ বরাদ্দপত্র বাতিল করা হবে।

৩। মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত লে-আউট প্ল্যান অনুযায়ী প্রিমিয়ার প্যাভিলিয়নের জন্য শুধুমাত্র বরাদ্দকৃত জায়গা বুঝিয়ে দেয়া হবে। বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান নিজ খরচে নির্মাণ ও সজ্জিতকরণের সমুদয় কাজ সম্পন্ন করবেন এবং স্টলের ক্ষেত্রে কাঠামো এবং টিনের ছাউনি দিয়ে তৈরী করা অবকাঠামো বরাদ্দ দেয়া হবে।

৪। অংশগ্রহণকারী সংস্থা/প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত প্যাভিলিয়ন বা স্টল নির্মাণ ও সজ্জিতকরণের যাবতীয় কাজ এমনভাবে করতে হবে যেন মেলা মাঠের সার্বিক সৌন্দর্য বিঘ্নিত না হয় এবং অন্য কোন অংশগ্রহণকারীর প্যাভিলিয়ন বা স্টল নির্মাণ ও সজ্জিতকরণের কাজে বা পথচারীদের চলাচলে ব্যাঘাত না ঘটে। প্যাভিলিয়নের জন্য নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থাকে অবশ্যই রেজিস্টার্ড স্থপতি বা প্রকৌশলী দ্বারা প্রস্তুত করা স্থাপত্যের কাঠামোগত নকশা ও সেফটি ড্রয়িং চেম্বার অফিসে জমা দিতে হবে।

৫। বরাদ্দকৃত জায়গার মধ্যেই যাবতীয় নির্মাণ ও অভ্যন্তরীণ সাজ-সজ্জার কাজ সম্পন্ন করতে হবে। যদি কোন প্রতিষ্ঠান অতিরিক্ত জায়গা ব্যবহারের প্রয়োজনবোধ করেন, কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে আনুপাতিক হারে নির্ধারিত অতিরিক্ত ফি প্রদান সাপেক্ষে অতিরিক্ত জায়গা ব্যবহার করা যেতে পারে। উল্লেখ্য, অতিরিক্ত স্থান/জায়গায় কোন মালামাল রাখা/মজুদকরণ সম্পূর্ণ নিষিদ্ধ। এই শর্ত/ নিয়ম ভঙ্গকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। বরাদ্দকৃত প্যাভিলিয়নে যদি দ্বিতীয় তলা নির্মাণ করার প্রয়োজন হয় সেক্ষেত্রে প্রতি তলার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা প্রদান করে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। অন্যথায় কোন অবস্থাতেই দ্বিতীয় তলা নির্মাণ করা যাবে না।

৭। মেলার শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টল নির্বাচন কমিটির বিবেচনায় শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টলকে পুরস্কৃত করা হবে। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। প্যাভিলিয়ন/স্টলের অভ্যন্তর ছাড়া সম্মুখস্থ বা আশে পাশে খালি জায়গায় বা চলাচলের জায়গায় কোন অবস্থাতেই মালামাল, মেশিন বা অন্য কোন দ্রব্যাদি বিপণন/মজুদ করা যাবে না। এই নিয়ম/ শর্ত লঙ্ঘনকারী প্রতিষ্ঠানের বরাদ্দ তাৎক্ষণিকভাবে বাতিলসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। মেলা প্রাঙ্গণে কোন প্যাভিলিয়ন/স্টলে প্রদর্শিত দ্রব্যাদি হালকা যানবাহনের মাধ্যমে আনয়নের নির্দিষ্ট সময় রাত ১১.০০টার পর থেকে পরের দিন সকাল ০৯:৩০টা পর্যন্ত।

১০। মেলায় অংশগ্রহণকারী বরাদ্দপ্রাপ্ত প্যাভিলিয়ন/স্টলে কী ধরনের পণ্য প্রদর্শন/বিপণন করা হবে তা রেজিস্ট্রেশন ফর্মে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। উল্লেখিত দ্রব্যাদি ছাড়া অন্য কোন দ্রব্যাদি প্রদর্শন বা বিক্রয় করা যাবে না। তাছাড়া বরাদ্দকৃত স্টলের কোন অংশ অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর/সাবলেট দেয়া যাবে না। এতদসংক্রান্ত কোন প্রকার অনিয়ম কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হলে বা তা প্রমাণিত হলে, উক্ত স্টলের বরাদ্দপত্র বাতিল পূর্বক যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বরাদ্দপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানকে ব্যবহৃত বিদ্যুতের জন্য কর্তৃপক্ষের ধার্যকৃত বিল পরিশোধ করতে হবে।

১২। মেলা প্রাঙ্গণে বরাদ্দকৃত রেস্টুরেন্ট ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান কোন প্রকার চুলা বা আগুন জ্বালাতে পারবে না। রেস্টুরেন্টের সম্মুখভাগে সকল ধরনের চুলা/বার্নার বসানো সম্পূর্ণ নিষিদ্ধ। রেস্টুরেন্টসমূহ এলপি গ্যাস ব্যতীত অন্য কোন ধরনের জ্বালানী রান্নার কাজে ব্যবহার করতে পারবে না।

১৩। মেলার মেয়াদকাল ৩০ (ত্রিশ) দিন। বর্ধিত দিনের জন্য প্রত্যেক অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/মালিককে আনুপাতিক হারে ফি প্রদান করতে হবে।

১৪। কোন ধরনের অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনায় যেমন মহামারী, অগ্নিকাণ্ড, সন্ত্রাসী কার্মকাণ্ড, ধর্মঘট/হরতাল, প্রাকৃতিক বিপর্যয়, মনুষ্য সৃষ্ট বিপর্যয় এবং রাষ্ট্রীয় কোন সিদ্ধান্তের কারণে যদি নির্ধারিত সময়ের পূর্বে মেলা সমাপ্ত করতে হয় তার জন্য আর্থিক ক্ষতি বা অন্য কোন প্রকার ক্ষতি হলে মেলা কর্তৃপক্ষ দায়ী থাকবে না বা কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে/দেয়া হবে না।

১৫। প্যাভিলিয়ন/স্টল বরাদ্দ নেয়ার লক্ষ্যে যে সকল প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ফর্ম ত্রয় করে প্যাভিলিয়ন/স্টল বরাদ্দ পায় নাই/পাবে না সেসকল প্রতিষ্ঠানের মালিকগণ ত্রয়কৃত ফর্মের মূল রসিদ আবেদনের সাথে সংযুক্ত করে বা অনলাইন পেমেন্ট এর প্রমাণাদি উপস্থাপনপূর্বক ফর্মের টাকা ফেরত নিতে পারবেন। তবে শর্ত থাকে, যে ব্যাংক একাউন্ট থেকে অনলাইনে পেমেন্ট করা হয়েছে শুধুমাত্র সেই একাউন্টেই একাউন্ট পেয়ি (Account Payee) চেকের মাধ্যমে টাকা ফেরত দেয়া হবে

১৬। মেলা কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সংস্থা/প্রতিষ্ঠানকে স্টল/প্যাভিলিয়ন প্রদান বা বরাদ্দ বাতিল করার ক্ষমতা রাখেন। বরাদ্দকৃত স্টল/প্যাভিলিয়ন কোন অবস্থাতেই পরিবর্তন/পরিবর্ধন/ফেরৎ দেওয়া যাবে না।

১৭। সকল প্যাভিলিয়ন/ স্টলকে বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত হারে বিক্রয়ের উপর ভ্যাট প্রদান করতে হবে।

১৮। মেলায় স্টল/প্যাভিলিয়ন বরাদ্দের ক্ষেত্রে মেলা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

স্বাক্ষর